

### 3 (Sem-3/CBCS) BEN-HC 2

2 0 2 1

( Held in 2022 )

BENGALI

Paper : BEN-HC-3026

( Honours Course )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কোন্ ছন্দে ‘পয়ারের শোষণশক্তি’ লক্ষ্য করা যায় ?
- (খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী ‘রাজপুত্র’ শব্দের মাত্রাসংখ্যা কয়টি ?
- (গ) স্বাসাঘাতপ্রধান ছন্দের লয় কী ?
- (ঘ) “মুক্তবেণীর গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে।” এই পংক্তিটিতে সর্বমোট কতগুলো পর্ব আছে ?
- (ঙ) “বৃষ্টিচ্ছলে গগন কাঁদিলে”—এখানে কোন্ অলংকার হয়েছে ?

( 2 )

- (চ) পূর্ণোপমা অলংকারে কয়টি অঙ্গ স্পষ্টভাবে উল্লিখিত থাকে ?
- (ছ) নিম্নরেখ শব্দে কোন্ অলংকার হয়েছে ?  
“ভারত ভারত খ্যাত আপনার গুণে”
- (জ) রসের সংখ্যা কয়টি ?
- (ঝ) শূন্যস্থান পূর্ণ করো :  
“ধ্বনি বা \_\_\_\_\_ হচ্ছে কাব্যের আত্মা ।”
- (ঞ) আলংকারিকেরা কতগুলো প্রধান ভাব স্বীকার করেছেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) অক্ষরসংখ্যা নির্দেশ করো :  
বিরহ, স্বরাগম ।
- (খ) একটি উদাহরণ দিয়ে ছেকানুপ্রাস অলংকারের স্বরূপ উল্লেখ করো ।
- (গ) সাঙ্গরূপক অলংকারের দুটি প্রকারভেদের নাম লেখো ।
- (ঘ) যে কোনো দুটি সঞ্চরীভাবের নাম উল্লেখ করো ।
- (ঙ) “স চ রসো রসীকরণযোগ্যঃ শেষান্ত সংচারিণ ইতি ব্যাচক্ষতে ।” শ্লোকাংশটি কার রচিত? এখানে কোন্ ভাবের কথা বলা হয়েছে ?

( 3 )

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

“হে মোর চিত্ত, পুণ্য তীরে জাগো রে ধীরে  
এই ভারতের মহামানবের সাগরতীরে ।”

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে  
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে ,”

(গ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

“নয়নে ফেলিত ছায়া—মেঘ নয়, তব কেশপাশ ।”

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

“অপলক নেত্র তার আলোকসুষমা  
গণ্ডুষে সাগরসম করিল নিঃশেষ ।”

(ঙ) উদাহরণ দিয়ে লক্ষণার্থ (শব্দের) কাকে বলে বুঝিয়ে দাও ।

(চ) গুণীভূত ব্যঙ্গকাব্য কী তা উদাহরণ দিয়ে বোঝাও ।

৪। (ক) ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো ।

১০

অথবা

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো :

২×৫=১০

অক্ষর, পর্ব, মাত্রা, চরণ, পদ ।

- ৫। (ক) শব্দালংকার কাকে বলে? উদাহরণসহ তোমার পঠিত শব্দালংকারগুলোর পরিচয় দাও। ১০

অথবা

- (খ) রূপক অলংকার কাকে বলে? কত প্রকার রূপক অলংকার আছে? প্রত্যেক প্রকারের একটি করে উদাহরণ দিয়ে রূপক অলংকারের স্বরূপ বুলিয়ে দাও।  $৩+১+৬=১০$

- ৬। (ক) রসাত্মক কাব্যে বিভাব, অনুভাব ও সঞ্চরীতাবের ভূমিকা সম্পর্কে আলোকপাত করো। ১০

অথবা

- (খ) ‘কাব্যের আত্মা হচ্ছে ধ্বনি’—উদাহরণ দিয়ে ধ্বনির স্বরূপ ব্যাখ্যা করো।

- ৭। (ক) সংজ্ঞা নির্দেশ করে যে কোনো দুই জোড়া অলংকারের পার্থক্য দেখাও :  $৫ \times ২ = ১০$

- (১) শ্লেষ এবং যমক
- (২) সন্দেহ এবং উৎপ্রেক্ষা
- (৩) অপহুতি এবং সমাসোক্তি

অথবা

- (খ) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।” রসবাদের আলোকে এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

★ ★ ★